

# রাবিতে চবির 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় উপস্থিতির হার ৮৩.৭৫

রাবি প্রতিবেদক

০২ মার্চ ২০২৪, ০৬:১০ পিএম



ভর্তি পরীক্ষার পুরাতন ছবি

আঞ্চলিক কেন্দ্র হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের বি.এস.সি (সম্মান), বি.ফার্ম ও বিএসসি (ইঞ্জিনিয়ারিং) শ্রেণীর প্রথম বর্ষ 'ক' ইউনিটের (বিজ্ঞান) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষায় উপস্থিতির হার ছিল ৮৩.৭৫ শতাংশ। আজ শনিবার দুপুরে এ তথ্য জানান রাবির জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে।

তিনি বলেন, আমাদের এখানে ১৭টি নিয়ন্ত্রণ কক্ষে চবির 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে ১৭ হাজার ৭৯৫ জন শিক্ষার্থীর অংশগ্রহণের কথা থাকলেও উপস্থিত ছিলেন ১৪ হাজার ৯০০ শিক্ষার্থী। অনুপস্থিত ছিলেন ২ হাজার ৮৯৫ জন।

জানা যায়, চবির ভর্তি পরীক্ষা এবার প্রথমবারের মতো তিনটি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হচ্ছে। চট্টগ্রামের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়েও অনুষ্ঠিত হচ্ছে এবারের ভর্তি পরীক্ষা। এতে ভোগান্তি কমেছে সাধারণ শিক্ষার্থীদের।

চবির 'ক' ইউনিটের অধীনে রয়েছে চারটি অনুষদ। এগুলো হলো- বিজ্ঞান, জীববিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও মেরিন সাইন্স অ্যান্ড ফিশারিজ। এ চার অনুষদে মোট আসন রয়েছে এক হাজার ২১৫টি। আবেদন করেন ৯৯ হাজার ৫২১ জন শিক্ষার্থী। আসনপ্রতি লড়ছেন ৮১ জন।

এর মধ্যে চবি ক্যাম্পাসে ভর্তি পরীক্ষায় অংশ নেন ২৩ হাজার ৯০৮ জন। ক্যাম্পাসের বাইরে অন্যান্য কেন্দ্রে অংশ নেন ১৩ হাজার জন। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ (ঢাবি) ঢাকার অন্যান্য কেন্দ্রে পরীক্ষায় দেন ৪৪ হাজার ৭৯৯ জন ভর্তিচ্ছু। আর রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) কেন্দ্রের পরীক্ষার্থী ছিলেন ১৭ হাজার ৭৯২ জন।

এবারের ভর্তি পরীক্ষায় চবির চারটি ইউনিট ও দুটি উপ-ইউনিটের মোট চার হাজার ৯২৬টি আসনের বিপরীতে আবেদন করেছেন ২ লাখ ৪৩ হাজার ৫৫৫ জন শিক্ষার্থী। সে হিসেবে এবার আসনপ্রতি লড়ছেন ৪৯ জন শিক্ষার্থী।

আগামী ৮ মার্চ 'বি' ইউনিট, ৯ মার্চ 'সি' ইউনিট এবং ১৬ মার্চ অনুষ্ঠিত হবে 'ডি' ইউনিটের পরীক্ষা। এ ছাড়া 'বি-১' উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা ৩ মার্চ ও 'ডি-১' উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা ৪ মার্চ। আর 'বি-১' উপ-ইউনিটের ব্যবহারিক পরীক্ষা হবে ১২, ১৩ ও ১৪ মার্চ। 'ডি-১' উপ-ইউনিটের ব্যবহারিক পরীক্ষা ১০ ও ১১ মার্চ অনুষ্ঠিত হবে।